কানাইঘাটের বিভিন্ন মাদ্রাসায় রেড-ক্রিসেন্টের স্লিপিং বেড বিতরণ করলেন পলাশ

কানাইঘাট প্রতিনিধিঃ বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি সিলেট ইউনিটের উদ্যোগে সিলেটের কানাইঘাটে বন্যাকবলিত অর্ধশতাধিক মাদ্রাসায় স্লিপিং বেড (তেরপাল) বিতরণ করা হয়েছে।
আজ বৃহস্পতিবার বিকেল ২টায় ঝিংগাবাড়ী ইউনিয়নের গাছবাড়ী মযাহিরুল উলুম ক্বাওমী (আকুনী) মাদ্রাসা হলরুমে এক অনুষ্ঠানের মাধ্যমে বিভিন্ন মাদ্রাসার শিক্ষকদের হাতে এসব স্লিপিং(তেরপাল) তুলে দেওয়া হয়।
মাদ্রাসার মুহতামিম মাওলানা আজমত উল্লাহ’র সভাপতিত্বে ও সহকারী শিক্ষক মাওলানা গিয়াস উদ্দিনের সঞ্চালনায় বিতরণ অনুষ্ঠানে শুরুতে স্বাগত বক্তব্য দেন মাদ্রাসার শায়খুল হাদীস মাওলানা মঈন উদ্দিন, অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন রেড ক্রিসেন্টের পরিচালনা পর্ষদের সদস্য ও সিলেট জেলা আওয়ামী লীগের বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক মস্তাক আহমদ পলাশ।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক সাবেক ইউপি চেয়ারম্যান মাসুদ আহমদ, ঝিংগাবাড়ী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মাস্টার আবু বক্কর,বিশিষ্ট মুরব্বি হারুন রশীদ, জেলা ছাত্র লীগের সাবেক সহ-সভাপতি হারুন রশীদ। এসময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সদস্য নাজিম উদ্দিন,মাওলানা আব্দুল আজিজ,ইউনিয়ন যুবলীগের যুগ্ন আহবায়ক ইউপি সদস্য মাহবুব আহমদ,গাছবাড়ী আঞ্চলিক শাখা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক সারোয়ার আহমদ, শিহাব উদ্দিন,জমির উদ্দিন, জেলা ছাত্রলীগ নেতা
মাহফুজ আহমদ, যুব রেড ক্রিসেন্টের ইফজাল আহমদ আহমদসহ গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন